রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৬, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ/০৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪০.০০১.০৯-৭৪।—উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের স্মারক নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.৬৩০-এর পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং ৮৮-এর অধীন নির্বাচনি অপরাধসমূহ আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত The Code of Criminal Procedure, 1898 (Act of 1898) এর sub-section 1 of section 190 এর অধীন সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত তফসিলের ০৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সর্ভিসের কর্মকর্তাকে ০৩নং কলামে বর্ণিত উপজেলায় আগামী ০৩ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের নিমিত্ত ভোটগ্রহণরে পূর্বের দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ০২ অক্টোবর, ২০১৮ তারিখ হতে ০৫ অক্টোবর, ২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিনের জন্য নিয়োগ প্রদান করল :

| ক্রম | জেলা | উপজেলা | ম্যাজিস্ট্রেট সংখ্যা | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | কিশোরগঞ্জ | তাড়াইল | ০১ | জনাব ধীমান চন্দ্র মণ্ডল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ |

২। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।


মূল্য : টাকা ৪.০০

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনের প্রতিদিনের প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

ছক

জেলার নাম :......................... উপজেলার নাম :........................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নাম | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংক্ষিপ্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত একজন সশস্ত্র পুলিশ কর্মকর্তা (এ.এস.আই এর নিম্নে নয়) এবং দুইজন কনস্টেবল নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ **শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd